




বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭১.৪৩.০০১.২২.৪৩২

বিষয়: “ইউজিসি স্বর্ণপদক”-২০২১ এর জন্য দরখাস্ত আহ্বান।

জনাব

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, দেশের বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণকে তাঁদের মৌলিক গবেষণামূলক প্রবন্ধ/ পাঠ্যপুস্তক/ গবেষণামূলক বা পর্যালোচনামূলক পুস্তক-এর জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতি বছর “ইউজিসি স্বর্ণপদক” প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০২১ সালে প্রকাশিত মৌলিক গবেষণামূলক প্রকাশনার জন্য “ইউজিসি স্বর্ণপদক” প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ থেকে দরখাস্ত আহ্বানের লক্ষ্যে গত ১৭ আগস্ট ২০২২ তারিখ “দৈনিক ইত্তেফাক” ও “THE BUSINESS STANDARD” পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত) এবং একইসাথে বিজ্ঞপ্তিটি ইউজিসির ওয়েবসাইটে প্রদর্শিত হচ্ছে। সংযুক্ত বিজ্ঞপ্তিটি আপনার বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট/নোটিশবোর্ডে আপলোডের ব্যবস্থা গ্রহণসহ শিক্ষকগণের মধ্যে প্রচারের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

১৭-৮-২০২২

দেওয়ান গোলাম সারোয়ার

উপ-পরিচালক (সাইন্স এন্ড টেকনোলজি)

নম্বর ৩৭.০১.০০০০.০৭১.৪৩.০০১.২২.৪২৭


তারিখ: ১ ভাদ্র ১৪২৯
১৬ আগস্ট ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: “ইউজিসি স্বর্ণপদক”-২০২১ প্রদানের জন্য দরখাস্ত আহ্বান।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রবর্তিত “ইউজিসি স্বর্ণপদক”-২০২১ প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে “myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা”-এ রেজিস্ট্রেশনপূর্বক (<https://www.mygov.bd/service/?id=BDGS-1637554194>) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

- (১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;
- (২) প্রকাশিত প্রবন্ধ/পুস্তক অবশ্যই ২০২১ সালে প্রকাশিত হতে হবে। দেশীয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণা কর্মের প্রকাশনাকে অগ্রাধিকার দেয়া হবে।
- (৩) যে কোনো প্রবন্ধ/পুস্তক পুনঃমুদ্রিত এবং অনলাইন প্রকাশনা গ্রহণযোগ্য হবে না।
- (৪) শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনাকর্ম এবং Review Article, ইন্সটিটিউট, একাডেমি, সোসাইটি, সমিতি কর্তৃক পত্রিকায়/সুভেনির-এ প্রকাশিত পর্যালোচনামূলক প্রবন্ধ/পুস্তক স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না। এছাড়া ডিগ্রি অর্জনের জন্য গবেষণাকর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তকও ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না।
- (৫) চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ এবং স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ বছরের পোর্টফলিও আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- (৬) আবেদনকারীকে আবেদন করার সময় (অনধিক) ২০০ শব্দের মধ্যে একাডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন-বৃত্তান্তের হার্ডকপি, সাম্প্রতিককালের তোলা ২ কপি রঙ্গিন ছবি এবং বিগত ৫ বছরের প্রকাশনার (যদি থাকে) তালিকা যথাযথ রেফারেন্স আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- (৭) যৌথ প্রকাশনার ক্ষেত্রে Corresponding Author/First Co-Author/Last Co-Author সকল Co-author-দের সম্মতিপত্রসহ আবেদন করতে পারবেন। পুস্তকের ক্ষেত্রে লেখকদের যৌথভাবে আবেদন করতে হবে।
- (৮) একজন আবেদনকারী একই বিভাগে একের অধিক আবেদন করতে পারবেন না। একের অধিক আবেদন করলে তাঁর সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
- (৯) আগামী ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে “myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা”-এ অনলাইনে আবেদন করতে হবে এবং একইসাথে প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি হার্ডকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর পৌছাতে হবে;
- (১০) নীতিমালা ও সম্মতিপত্রের নমুনা ইউজিসির ওয়েব সাইট (www.ugc.gov.bd) সম্মাননা সেবা বক্সে “ইউজিসি স্বর্ণপদক”-এ দেয়া আছে।
- (১১) ইউজিসি স্বর্ণপদক প্রদান সংক্রান্ত বিষয়ে কমিশন কর্তৃপক্ষ যেকোনো সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা সংরক্ষণ করেন।



১৬-৮-২০২২

ড. মোঃ ফখরুল ইসলাম

পরিচালক (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ)

ফোন: ৫৮১৬০১০৮

ইমেইল: director_research@ugc.gov.bd